



# হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

১২০/৩ দারুস-সালাম, মিরপুর, ঢাকা।

ফ্যাক্স : ৯০৩৫০৫৭

[www.hbri.gov.bd](http://www.hbri.gov.bd)



স্মারক নং : ২৫.৪৪.২৬০০.০০০.১১.০১০.১৫-২৫০৪

তারিখ : ২৫-০৩-২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) অর্জনের উদ্দেশ্যকে সামনে রেখে ভূমিকম্প সহনশীল ও পরিবেশবান্ধব নির্মাণ সামগ্রী তৈরিতে এইচবিআরআই ব্যাপক গবেষণা করে আসছে। এ উদ্দেশ্যকে সফল করা এবং প্রতিষ্ঠানের চলমান গবেষণা কার্যক্রম ত্বরান্বিত করার জন্য এইচবিআরআই কিছু গবেষণামনা উদ্যমী, অভিজ্ঞ জনবল নিয়োগ দিতে যাচ্ছে। যারা গবেষণায় আগ্রহী তাদের জন্য এইচবিআরআই একটি উপযুক্ত গবেষণা প্রতিষ্ঠান। এখানে উল্লেখ্য যে, এইচবিআরআইতে গবেষণার জন্য রয়েছে সুন্দর পরিবেশ এবং বিভিন্ন রকমের সুযোগ সুবিধা। গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং : ২৫.০৪.০০০০.০১৪.০৫.০১৪.০৪-১০৮, তারিখ : ২৮ ফেব্রুয়ারি ২০২১ এর প্রেক্ষিতে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, দারুস-সালাম, মিরপুর, ঢাকায় নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমঃ	পদের নাম ও বেতন স্কেল (২০১৫ সনের জাতীয় স্কেল)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থী আবেদনযোগ্য নহে
১।	সিনিয়র রিসার্চ অফিসার/সিনিয়র রিসার্চ ইঞ্জিনিয়ার (বিল্ডিং মেটেরিয়ালস ডিভিশন) ৩৫,৫০০-৬৭,০১০/- (৬ষ্ঠ গ্রেড)	১ (এক) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন শাস্ত্র/ফলিত রসায়ন/পদার্থ বিদ্যায় সন্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রী। গৃহনির্মাণ সামগ্রী বিষয়ক গবেষণা কাজে ৭ (সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; এবং (খ) সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ৫ (পাঁচ)টি গবেষণা প্রকাশনা থাকিতে হইবে।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
২।	রিসার্চ এসোসিয়েট (সয়েল মেকানিক্স এন্ড ফাউন্ডেশন ইঞ্জিনিয়ারিং ডিভিশন) ১৬,০০০-৩৮,৬৪০/- (১০ম গ্রেড)	১ (এক) টি	কোন স্বীকৃত বোর্ড হইতে পুরকৌশলে ডিপ্লোমা। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।	-ঐ-
৩।	রিসার্চ এসিস্টেন্ট (বিল্ডিং মেটেরিয়ালস ডিভিশন) ১২,৫০০-৩০,২৩০/- (১১তম গ্রেড)	১ (এক) টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন শাস্ত্র/গণিত শাস্ত্র/পদার্থ বিদ্যাসহ অন্যান্য দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী।	-ঐ-

### শর্তসমূহ :

- কেবলমাত্র অনলাইনে <http://career.hbri.gov.bd> আবেদন করতে হবে। সরাসরি বা ডাকযোগে কোন আবেদন গ্রহণ করা হবে না।
- আবেদন ফি অনলাইনে নগদ সেবার মাধ্যমে পরিশোধ করতে হবে। আবেদন ফি ৬ষ্ঠ গ্রেডঃ ৫০০/- টাকা, ১০ম ও ১১তম গ্রেডঃ ৩০০/- টাকা মূল্যমানের।
- অনলাইনে আবেদনকালে প্রয়োজনীয় কাগজপত্রাদি, ছবি ও স্বাক্ষর আপলোড করতে হবে।
- এমসিকিউ (MCQ) ও লিখিত পরীক্ষা একই সময়ে অনুষ্ঠিত হবে। MCQ-তে ন্যূনতম পাশ নম্বর থাকবে।
- ক্রমিক নং-১ এ বর্ণিত প্রার্থীর বয়স ০১-০৩-২০২১ তারিখে সর্বোচ্চ ৩৫ বছর হতে হবে এবং ক্রমিক নং-২ ও ৩ এ বর্ণিত প্রার্থীর বয়স ০১-০৩-২০২১ তারিখে সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
- মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্র ও অন্যান্য কাগজের মূল কপি প্রদর্শন করতে হবে।
- প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুয়া, অসম্পূর্ণ বিজ্ঞপ্তিতে চাওয়া শর্তের সাথে অসামঞ্জস্যপূর্ণ প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীতা যে কোন পর্যায়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- এ বিজ্ঞপ্তি আশিষ্টক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- চাকুরিতে নিয়োগ লাভের ব্যাপারে কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা প্রমাণ করবে।
- নিয়োগপত্র জারীর পরও স্বাস্থ্যগত পরীক্ষা ও পুলিশ ভেরিফিকেশনে কোন অসঙ্গতি থাকলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- আবেদন শুরু তারিখ ০১-০৪-২০২১ আবেদনের শেষ তারিখ ৩০-০৪-২০২১।
- পরীক্ষার প্রবেশপত্র [www.hbri.gov.bd](http://www.hbri.gov.bd) হতে অনলাইনে সংগ্রহ করতে হবে ১০ মে, ২০২১ তারিখের মধ্যে।

*Handwritten signature and date: 25/3/2021*

(মোঃ আকতার হোসেন সরকার)  
প্রিন্সিপ্যাল রিসার্চ অফিসার  
হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট  
ফোন : ৫৮০৫৫২৪৫